# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৩

তারিখ: ২১ অক্টোবর ২০২৫ / ০৫ কার্তিক ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**শিশুখাদ্যের আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে নগদ মার্জিন সংরক্ষণ প্রসঙ্গে**

শিরোনামোক্ত বিষয়ে ০৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৪১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোক্ত সার্কুলার লেটারের মাধ্যমে বৈশ্বিক অর্থনৈতিক অস্থিতিশীল পরিস্থিতির প্রেক্ষাপটে দেশের মুদ্রা ও ঋণ ব্যবস্থাপনা অধিকতর সুসংহত রাখার লক্ষ্যে সার্কুলার লেটারের অনুচ্ছেদ নং-৪ এ বর্ণিত পণ্যের আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে ১০০% নগদ মার্জিন সংরক্ষণ করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত পণ্যসমূহের মধ্যে 'নন সিরিয়াল ফুড অর্থাৎ অ-শস্য খাদ্যপণ্য' এবং 'প্রক্রিয়াজাত খাদ্যদ্রব্য ও পানীয়: যেমন টিনজাত (Canned) খাদ্য, চকলেট, বিস্কুট, জুস, কফি, সফট ড্রিংকস্ ইত্যাদি' অন্তর্ভুক্ত রয়েছে (অনুচ্ছেদ নং-৪ এর ক্রমিক ১১ ও ১২)। সম্প্রতি এ কার্যালয় অবগত হয়েছে যে, কোনো কোনো ব্যাংক অত্যাবশ্যকীয় শিশুখাদ্য-কে উল্লিখিত পণ্যসমূহের মধ্যে অন্তর্ভূক্তকরত ১০০% নগদ মার্জিন সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট আমদানিকারকগণের উপর বাধ্যবাধকতা আরোপ করছে।

৩। এক্ষণে, এ মর্মে স্পষ্টীকরণ করা যাচ্ছে যে, সূত্রোক্ত বিআরপিডি সার্কুলার লেটার নং-৪১/২০২৪ এর অনুচ্ছেদ নং-৪ এ বর্ণিত পণ্যসমূহের মধ্যে অত্যাবশ্যকীয় শিশুখাদ্য অন্তর্ভূক্ত হবে না। অর্থাৎ, শিশুখাদ্য আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নগদ মার্জিনের হার নির্ধারিত হবে।

৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৯ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলা উদ্দিন)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০০৯৫